

নাগরিক সেবাসমূহ (Citizen Charter)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
আঞ্চলিক গবেষণাগার, রাজশাহী

❖ ভিশনঃ

ভূমি ও মৃত্তিকা সম্পদের যুক্তিযুক্ত ও লাভজনক ব্যবহার নিশ্চিতকরণ এবং মৃত্তিকা স্বাস্থ্য সুরক্ষা।

❖ মিশনঃ

- মাটি, পানি, উদ্ভিদ ও সার নমুনা পরীক্ষা করে গুণগত মান যাচাই করণ।
- কৃষকদের দোড়গোড়ায় মাটির নমুনা পরীক্ষা পূর্বক সার সুপারিশ সেবা প্রদান করা।
- সমস্যাশীল মৃত্তিকা ব্যবস্থাপনায় সহায়তা করা।
- শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।

❖ মৃত্তিকা নমুনাঃ

- স্থায়ী গবেষণাগারে কৃষকের নিকট হতে সরাসরি গৃহীত মৃত্তিকা নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণের ফলাফল ও ফসলের চাহিদা অনুযায়ী সুষম সার সুপারিশ কার্ড প্রদান।
- মাঠ পর্যায়ে কৃষক প্রশিক্ষণ কর্মসূচীর মাধ্যমে মাটির স্বাস্থ্য রক্ষায় কৃষকদের করণীয় সম্পর্কে দিক-নির্দেশনা প্রদান এবং মাটি পরীক্ষার প্রয়োজনীয়তা তুলে ধরা।
- ভ্রাম্যমান মৃত্তিকা গবেষণাগারের (MSTL) মাধ্যমে মাঠপর্যায়ে কৃষকের মাটি পরীক্ষা করে সুষম সার সুপারিশ প্রদান ও মাটি পরীক্ষা করে জমিতে সার প্রয়োগে কৃষকদের উৎসাহিত করা।
- NARS অধিভুক্ত/ বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মৃত্তিকা নমুনা বিশ্লেষণ করে ফলাফল প্রদান।
- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণা কাজে সহায়তার অংশ হিসেবে প্রদত্ত মৃত্তিকা নমুনা বিশ্লেষণ করে ফলাফল প্রদান।
- বিভিন্ন উপজেলা হতে প্রেরিত মৃত্তিকা নমুনা সমূহ বিশ্লেষণ করে উপজেলা নির্দেশিকা প্রণয়নে সহযোগিতা করা।

❖ সার নমুনাঃ

- উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রেরিত সার নমুনা সমূহের বিশুদ্ধতা যাচাই করা।
- বিভিন্ন কোম্পানির সারের রেজিস্ট্রেশনের জন্য সারের নমুনা পরীক্ষা করা।
- বিভিন্ন কোম্পানি কর্তৃক উৎপাদিত সার বাজারজাতকরণের পূর্বে গুণগত মান যাচাই করা।
- সার ডিলার কর্তৃক প্রেরিত সার নমুনার বিশুদ্ধতা যাচাই করা।
- বিভিন্ন সরকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত বিদেশ হতে আমদানিকৃত সার নমুনা সমূহের গুণগত মান যাচাই করা।

❖ পানি ও উদ্ভিদ নমুনাঃ

- গবেষণা কার্যক্রমের অংশ হিসাবে পানি ও উদ্ভিদ নমুনা বিশ্লেষণ করা।

❖ প্রযুক্তি হস্তান্তরঃ

- মৃত্তিকা পরীক্ষাভিত্তিক সুষম সার ব্যবহার প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে কৃষকের জমিতে প্রদর্শনী স্থাপন ও মাঠ দিবস বাস্তবায়ন।
- কৃষির সাথে সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মীদেরকে ভূমি ও মৃত্তিকা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- মাটির নমুনা সংগ্রহ ও সুষম সার ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান।
- সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণ বিষয়ে জেলা, উপজেলা ও ব্লক পর্যায়ে কৃষি কর্মকর্তা, সারের ডিলার ও কৃষকদেরকে প্রশিক্ষণ প্রদান।
- প্রযুক্তি বিস্তারের লক্ষ্যে ডকুমেন্টারী ফিল্ম, লিফলেট, পুস্তিকা ও পোস্টার প্রকাশ/প্রদর্শন।